



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2026

গভর্নর ক্যাথি হোকল

নেক্সট জেনারেশন 911 পরিষেবায় রূপান্তরের প্রস্তুতির জন্য কাউন্টিগুলোকে 38 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ সহায়তা দিচ্ছেন গভর্নর হোকল

নেক্সট জেনারেশন 911-এর পূর্ণাঙ্গ বাস্তবায়নের পর স্টেট ব্যাপী সংযুক্ত হবে এমন ফাইবার-অপ্টিক নেটওয়ার্কের মানোন্নয়নে এই অর্থায়ন সহায়তা করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ 38 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ প্রদানের ঘোষণা দিয়েছেন, যা 911 সেন্টারগুলোর ফাইবার-অপ্টিক নেটওয়ার্ক অবকাঠামো শক্তিশালী করতে সহায়তা করবে। 'নেক্সট জেনারেশন 911'-এ উন্নীত হওয়ার জন্য এই অবকাঠামোটি অত্যন্ত প্রয়োজনীয়। স্টেটের 'ইমার্জেন্সি সার্ভিসেস আইপি নেটওয়ার্ক (Emergency Services IP Network, ESInet) রেডিনেস গ্র্যান্ট প্রোগ্রাম'-এর মাধ্যমে, নিউ ইয়র্ক সিটি এবং স্টেটের প্রতিটি কাউন্টি যারা আবেদন করেছিল, তারা প্রত্যেকে এই কাজটিতে সহায়তার জন্য 689,655 মার্কিন ডলার পেয়েছে।

“আমাদের 911 সেন্টারগুলো জননিরাপত্তার মূল ভিত্তি এবং এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, এই সেন্টারগুলোকে সহায়তা প্রদানকারী প্রযুক্তি যেন সর্বোচ্চ উন্নত মানের হয়,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “আমরা যখন 'নেক্সট জেন 911' বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছি, তখন আমাদের স্থানীয় অংশীদারদের জন্য এই তহবিল অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। এটি প্রতিটি 911 কল যেন দ্রুত এবং কার্যকরভাবে গ্রহণ করা যায়, তা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় আধুনিকায়ন বা আপগ্রেড সম্পন্ন করতে সহায়তা করবে।”

নেক্সট জেনারেশন 911 বলতে 911 কেন্দ্রগুলোর ব্যবহৃত এমন একটি ডিজিটাল অবকাঠামোকে বোঝায়, যা ভয়েস কল, টেক্সট মেসেজ, ছবি এবং ভিডিও পরিচালনা করতে সক্ষম। এই অবকাঠামোর বাস্তবায়ন লোকেশনের নির্ভুলতা, স্থিতিস্থাপকতা এবং ডিসপ্যাচার ও প্রথম সাড়াদানকারীদের মধ্যে তথ্য আদান-প্রদান উন্নত করতে সাহায্য করবে। এটি নিউ ইয়র্কের অধিকাংশ এলাকায় ব্যবহৃত সেকলে অ্যানালগ নেটওয়ার্কগুলোর পরিবর্তে একটি আধুনিক ও আন্তঃসংযুক্ত ব্যবস্থা গড়ে তুলবে, যা বর্ধিত যোগাযোগ মাধ্যমগুলো পরিচালনা করতে সক্ষম এবং আরো শক্তিশালী ও কার্যকর জরুরি প্রতিক্রিয়ামূলক কার্যক্রমের জন্য উন্নত তথ্য প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (New York State Division of Homeland Security and Emergency Services, DHSES) ভারপ্রাপ্ত কমিশনার Terry O'Leary (টেরি ও'লিয়ারি) বলেন, “প্রযুক্তির প্রতিনিয়ত বিবর্তনের

সাথে সাথে, নিউ ইয়র্কবাসীদের 911-এ যোগাযোগ করার মাধ্যমগুলো আরো প্রসারিত করা জননিরাপত্তার উন্নতিতে সাহায্য করে এবং সাহায্য প্রাপ্তিকে আরো সহজলভ্য করে তোলে। 911 অপারেটররা নিরাপত্তার প্রথম সারিতে কাজ করেন; তাই আমরা যখন যৌথভাবে স্টেট ব্যাপী 'নেক্সট-জেন 911' বাস্তবায়নের লক্ষ্যে কাজ করছি, তখন তাদের সিস্টেমগুলো আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় সম্পদ নিশ্চিত করা আমাদের জন্য অপরিহার্য।”

এই অনুদানগুলো কাউন্টিগুলোর নেক্সট জেনারেশন 911-এ রূপান্তর শুরু করার সক্ষমতাকে ত্বরান্বিত করতে গভর্নরের অব্যাহত প্রচেষ্টাকে আরো জোরদার করবে। অতি সম্প্রতি, গভর্নর Hochul (হোকল) [85 মিলিয়ন মার্কিন ডলারের অনুদান ঘোষণা করেছেন](#) যা 911 সেন্টারগুলোর জন্য প্রয়োজনীয় আধুনিক কল হ্যান্ডলিং সরঞ্জাম এবং সফটওয়্যার সংগ্রহের উদ্দেশ্যে প্রদান করা হয়েছে, যাতে তারা 'নেক্সট জেনারেশন 911' পরিবেশে কাজ করতে সক্ষম হয়।

স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে
[ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস](#) টেরোরিজম, প্রাকৃতিক দুর্যোগ, হুমকি, আগুন এবং অন্যান্য জরুরি অবস্থার প্রতিরোধ, এগুলি থেকে সুরক্ষা, এগুলির জন্য প্রস্তুতি নেওয়া, সাড়া দান এবং পুনরুদ্ধারের চেষ্টার ব্যাপারে নেতৃত্ব, সমন্বয় এবং সমর্থন দিয়ে থাকে। আরো তথ্যের জন্য [DHSES-এর Facebook পেজ](#) ভিজিট করুন, [X-এ @NYS DHSES](#) ফলো করুন বা [dhSES.ny.gov](#) ভিজিট করুন।

রিয়েল টাইম জরুরি এবং আবহাওয়ার অ্যালার্ট টেক্সট সরাসরি আপনার ফোনে পান। নাম লেখানোর জন্য আপনি যে কাউন্টি বা বরোতে বাস করছেন তার নাম 333111-এ টেক্সট করুন। আরো জানুন [dhSES.ny.gov/emergency-alerts](#)-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](#) -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](#) | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](#) | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)